গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

## নৈতিকতা কমিটি'র ২০২২-২৩ অর্থবছরের দ্বিতীয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব হোসেন<br>সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| তারিখ | : | ১১ ডিসেম্বর, ২০২২ |
| সময় | : | বেলা ১১:৩০ মিনিট |
| স্থান | : | অনলাইন সিস্টেম। |
| উপস্থিত সদস্য | : | রেকর্ডেড। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রারম্ভিক আলোচনায় অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, এ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের জনবলের নৈতিক ও আচরণগত ইতিবাচক পরিবর্তনের সাধন ও সেবার মান বৃদ্ধি করার প্রয়াসে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে। নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুসারে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ; পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন; কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব নির্ধারণ; গৃহীত কার্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ প্রভৃতি যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। এ পর্যায়ে তিনি উপসচিব (প্রশাসন-৩) কে সভার কার্যপত্র উপস্থাপনের অনুরোধ জানান।

২। উপসচিব (প্রশাসন-৩)ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি বিগত ২৫/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। এ প্রসঙ্গে তিনি আরও জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের ২৫/১০/২০২২ তারিখের পত্রে জানানো হয়েছে "১.২ সূচকে তথা নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা মূল্যায়নের ক্ষেত্রে সিদ্ধান্তের গুণগত মান বিবেচনা করা হবে। নৈতিকতা কমিটির সভায় যদি শুধু কর্ম-পরিকল্পনার বিষয়ে আলোচনা হয় এবং সে অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত হয় তবে সেক্ষেত্রে মূল্যায়নের অর্ধেক নম্বর ২(দুই) পাওয়া যাবে। তবে নৈতিকতা কমিটির সভায় যদি শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাইরে নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী আলোচনা করা হয় এবং সে অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত এবং বাস্তবায়িত হয় তবে পূর্ণ নম্বর ৪ (চার) পাওয়া যাবে"। সভাপতি এ আলোকে কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

০৩। তিনি প্রস্তাব করেন নৈতিকতা কমিটির কার্যপরিধি এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে আগামী ৩১/১২/২০২২ তারিখের মধ্যে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করা যেতে পারে এবং একই ভাবে এ বিভাগের আওতাধীন দপ্তর, সংস্থাকে সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা যেতে পারে। তাছাড়া, সরকারি/উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নে বিদেশ ভ্রমনে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে এ বিভাগে কর্মরত সকল কর্মকর্তাদের বিদেশ সফর সংক্রান্ত ডাটাবেইজ প্রস্তুত করা যায়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে অনুষ্ঠিত শুদ্ধাচার সংক্রান্ত কর্মশালায় প্রদত্ত নির্দেশনা এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহকে প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের মাধ্যমে অবহিতকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

০৪। সিনিয়র সচিব অংশীজনের অংশগ্রহণে সভা এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রশিক্ষণ/কর্মশালা আগামী ৩১/১২/২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। তাছাড়া, বিদেশ ভ্রমনে সচ্ছতা আনয়নের লক্ষ্যে এ বিভাগে কর্মরত সকল কর্মকর্তাদের বিদেশ সফর সংক্রান্ত ডাটাবেইজ প্রস্তুতের কার্যক্রম যতশীঘ্র সম্ভব শুরু করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

চলমানপাতা-২

০৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, এ বিভাগসহ আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ শুদ্ধাচার সংক্রান্ত সকল কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। তবে, আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ হতে শুদ্ধাচার পরিপন্থী কোন কাজ থাকলে তার তালিকা চাওয়া যেতে পারে, যা নৈতিকতা কমিটির সভায় উপস্থাপনের মাধ্যমে কিভাবে সমাধান করা যায় তা বিবেচনায় নেয়া যাবে।

০৬। উপসচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রমের অংশ হিসেবে শিল্প ক্ষেত্রে গ্যাসের অপব্যবহার রোধকল্পে ১৫০টি ইভিসি মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। ১৫০টি ইভিসি মিটারের এ পর্যন্ত কতগুলি ইভিসি মিটার স্থাপন করা হয়েছে তা জানা প্রয়োজন।

০৭। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আগামী ৩১/১২/২০২২ তারিখের মধ্যে অংশীজনের অংশগ্রহণে প্রথম সভা আয়োজন করতে হবে। | প্রশাসন-১ ও ৩ অধিশাখা। | |
| ২। | এ বিভাগের ন্যায় আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে সভা নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে। | আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ। | |
| ৩। | আগামী ৩১/০৩/২০২৩ তারিখের মধ্যে বিদেশ ভ্রমনে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে এ বিভাগে কর্মরত সকল কর্মকর্তাদের বিদেশ সফর সংক্রান্ত ডাটাবেইজ প্রস্তুতের কার্যক্রম গ্রহণ করবে। | আইসিটি ও বাজেট অধিশাখা | |
| ৪। | এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ শুদ্ধাচার পরিপন্থী কাজের তালিকা (যদি থাকে) আগামী ৩১/১২/২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে। | আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ। | |
| ৫। | ২০২২-২৩ অর্থবছরে শিল্প ক্ষেত্রে ১৫০টি ইভিসি মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। এ পর্যন্ত কতগুলি ইভিসি মিটার স্থাপন করা হয়েছে তার তথ্য আগামী ৩১/১২/২০২২ তারিখের মধ্য এ বিভাগে প্রেরণ করতে হবে। | পেট্রোবাংলা। | |

০৮। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/১২/২০২২

(মোঃ মাহবুব হোসেন)
সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১৩.০৫.০১৮.২২ ২৪২

তারিখ: ২৯ অগ্রহায়ণ, ১৪২৯ / ১৪ ডিসেম্বর, ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, চট্টগ্রাম।
০২। চেয়ারম্যান, পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
০৩। মহাপরিচালক, বিপিআই/বিএমডি/হাইড্রোকার্বন ইউনিট/জিএসবি, ঢাকা।
০৪। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৫। উপসচিব বাজেট অধিশাখা/প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
০৬। সিস্টেম এনালিস্ট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

অনুলিপি:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃ: আ: উপসচিব, শুদ্ধাচার অধিশাখা)।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
০৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।

১৪/১২/২০২২
(এ কে এম মিজানুর রহমান)
উপসচিব
ফোন: ২২৩৩৮৯০৫৮